কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০।

(সংস্থাপন বিভাগ)

www.badc.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে নৈতিকতা কমিটি ও সচেতনতা বৃদ্ধিমূলক সভার কার্যবিবরণী:

| | | | |
|---|---|---|---|
| ১.০ | সভার সভাপতি | : | মোঃ নাসিরুজ্জামান<br>চেয়ারম্যান, বিএডিসি। |
| ২.০ | সভার তারিখ ও সময় | : | ১০ এপ্রিল ২০১৮; সকাল ১০ ঘটিকা। |
| ৩.০ | স্থান | : | সম্মেলন কক্ষ, বিএডিসি, কৃষি ভবন। |
| ৪.০ | উপস্থিতির তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট-ক)। |
| ৫.০ | আলোচনা ও সিদ্ধান্ত | : | |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার প্রথমেই কৃষি মন্ত্রণালয়ে অধীনস্থ দপ্তর/সংস্থার প্রধানগণের মধ্য হতে জনাব নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি ২০১৭-১৮ অর্থ বছরে 'জাতীয় শুদ্ধাচার পুরস্কার' পাওয়ায় সকল কর্মকর্তা ও কর্মচারীগণের পক্ষ হতে সংস্থার সচিব ও বিএডিসি'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব তুলসী রঞ্জন সাহা চেয়ারম্যান মহোদয়কে অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (সংস্থাপন), বিএডিসি'র ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের পর্যালোচনা ও তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচনা বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/বিভাগ |
|---|---|---|---|
| ১. | ১৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।<br><br>২৯ জানুয়ারি ২০১৮ তারিখে ৩০৪৭ সংখ্যক নম্বরে জারিকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং বিএডিসি'র ওয়েব সাইটেও প্রকাশ হয়েছে। কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | |
| ২. | অগ্নি নির্বাপন সংক্রান্ত প্রশিক্ষণের নিমিত্ত কর্মকর্তা ও কর্মচারীর নামের খসড়া প্রস্তুত করা হয়েছে এবং উক্ত খসড়া তালিকা নিয়োগ ও কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানা যায়। ফায়ার সার্ভিস থেকে সিডিউল পাওয়ার পর প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | নোটিশ জারী করে ফায়ার এলার্ম মহরা দিতে হবে। প্রশিক্ষনের জন্য মনোনীত তালিকাভুক্ত কর্মকর্তা-কর্মচারীদেরকে ভলান্টিয়ার হিসেবে মনোনীত করতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ/নিয়োগ ও কল্যাণ বিভাগ |
| ৩. | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে শুদ্ধাচার সংক্রান্ত স্বতন্ত্রভাবে প্রশিক্ষণ আয়োজন ব্যয় এবং সময় স্বাপেক্ষ হওয়ায় অন্যান্য প্রশিক্ষণের সাথে শুদ্ধাচার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভাপতি মতামত প্রদান করেন। | বিএডিসি'র অন্যান্য প্রশিক্ষণের সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ/বিএডিসি মধুপুর ট্রেনিং ইনস্টিটিউট |
| ৪. | বিএডিসি কর্মচারী প্রবিধানমালা এবং বিএডিসি'র টিওএন্ডই হালনাগাদকরণের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা, বিএডিসি'র অর্ডিন্যান্স সংশোধনের বিষয়ে আইন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা, সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তাদের কর্মবণ্টন চূড়ান্তকরণের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ১) বিএডিসি কর্মচারী প্রবিধানমালা অনুমোদনের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২) কর্মবণ্টন চূড়ান্তকরণের নিমিত্ত যাচাই-বাছাইয়ের পর পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ |
| ৫. | 'বিএডিসি পদক' চালুকরণ ও যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সভাপতি মহোদয় আলোচনা করেন। | ১) 'বিএডিসি পদক' চালুকরণের বিষয়ে পর্ষদ সভায় অনুমোদনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২) যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ |
| ৬. | সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণ জানান যে, কৃষি ভবন ও মাঠ পর্যায়ে অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহার ৭০% থেকে ৮০% এরও অধিক হয়ে থাকে। অনলাইন রেসপন্স সিস্টেমকে আরো গতিশীল করার জন্য সংস্থা | বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের ন্যায় বিএডিসি'র উপসচিব, উপব্যবস্থাপক, উপপরিচালক, সহকারি প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাগণকে মোবাইল রিচার্জ বাবদ অর্থ | সাধারণ পরিচর্যা বিভাগ ও অর্থ বিভাগ |

| ক্রঃনং | আলোচনা বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/বিভাগ |
|---|---|---|---|
| | সরকারি প্রতিষ্ঠানের ন্যায় বিএডিসি'র উপসচিব, উপব্যবস্থাপক, উপপরিচালক, সহকারি প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাগণকে বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা হয়। | করতে হবে। | |
| ৭. | বিএডিসিতে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়নের নিমিত্ত পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করে ই-ফাইলিং কার্যক্রম গতিশীল করতে হবে হবে। | ১) ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগ/দপ্তরসমূহ ৩০% নথি ই-ফাইলে নিস্পত্তি করতে হবে।<br>২) বিভিন্ন বিভাগ হতে অনুমোদনের প্রত্যাশায় চেয়ারম্যান মহোদয় বরাবর প্রেরিত নথিসমূহ ই-ফাইলিংয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ |
| ৮. | প্রকল্পের যাবতীয় ক্রয় সংক্রান্ত কার্যক্রম ই-টেন্ডারের মাধ্যমে ১০০% সম্পাদন করা হলেও সংস্থার বিভাগ/দপ্তরসমূহে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে সম্পন্ন হয় না। তাই বিভাগ/দপ্তরসমূহে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | বিএডিসি'র বিভাগ, দপ্তর ও প্রকল্পসমূহের ক্রয় সংক্রান্ত কার্যক্রম ই-টেন্ডারিংয়ের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ ও ক্রয় বিভাগ |
| ৯. | বিএডিসি'র অডিট আপত্তিসমূহের মধ্যে প্রতি কোয়ার্টারে ১০% নিস্পত্তি করার সিদ্ধান্তের লক্ষ্যমাত্রা পূর্ণ না হওয়ায় পুনঃলক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে অডিট বিভাগ ও সদস্য পরিচালক (অর্থ), বিএডিসি, ঢাকা ৩% নিস্পত্তির প্রস্তাবনা করেন। | প্রতি কোয়ার্টারে অডিট আপত্তির ৩% নিস্পত্তি করতে হবে। | অডিট বিভাগ |
| ১০. | জাতীয় শুদ্ধাচার পরিকল্পনা ২০১৭-১৮ অনুযায়ী মেলায় অংশগ্রহণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে যুগ্ম সচিব (সংস্থাপন) সভাকে অবহিত করেন। | আগামী ২০১৮-১৯ অর্থ বছরে সেচ ভবন, ঢাকায় বিএডিসি'র একক মেলার আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ |
| ১১. | শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক (Indicative) অর্থ বরাদ্দ দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে অর্থ বরাদ্দের জন্য কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অর্থ বিভাগ |

০৬. পরিশেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী ৪র্থ প্রান্তিক (এপ্রিল ২০১৮ হতে জুন ২০১৮) অনুযায়ী গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর ও কমিটিকে সদা সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত**

(মোঃ নাসিরুজ্জামান)
চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৬৪৩২৮
email: chairman@badc.gov.bd

নম্বর- ১২.০৬.০০০০.২০৩.০৫.৪১৯.১৭. ৪০০১(ক)

তারিখ: ০৮ বৈশাখ ১৪২৫ / ১৯ এপ্রিল ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/সকল ........ বিএডিসি, ঢাকা।
(সকল বিভাগীয়/ প্রকল্প প্রধান/ কমিটি)

২ প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩ চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৪ সদস্য পরিচালক (অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৫ অফিস কপি/মাস্টার ফাইল।

১৯/০৪/২০১৮

(স্বপন কুমার দাস)
যুগ্মসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৫২০৬৭
email: establishment@badc.gov.bd